

জেট ফ্যুয়েল সংকট : উড়োজাহাজ পরিষেবা স্থগিতের ব্যাপারে ভাবছে ফিলিপাইন

- A Monitor Desk Report

Date: 25 March, 2026



ঢাকা : ইরান-যুক্তরাষ্ট্র-ইসরায়েল যুদ্ধ এবং তার জেরে বিশ্বজুড়ে জ্বালানির সরবরাহ বাধাগ্রস্ত হওয়ায় বিশ্বের বিভিন্ন দেশের মতো ফিলিপাইনেও জ্বালানি সংকট দেখা দিয়েছে।

বিশেষ করে উড়োজাহাজ ব্যবহারযোগ্য জ্বালানি জেট ফ্যুয়েল” সংকট দেখা দেওয়ায় দেশজুড়ে উড়োজাহাজ পরিষেবা বন্ধ রাখার ব্যাপারে ভাবছে দেশটি।

মার্কিন সংবাদমাধ্যমকে দেয়া এক সাক্ষাৎকারে এ তথ্য জানিয়েছেন ফিলিপাইনের প্রেসিডেন্ট ফার্দিনান্দ মার্কোস জেআর।

তিনি বলেছেন, ‘যুদ্ধ শুরুর পর থেকে দিনকে দিন জ্বালানি দুর্লভ হয়ে উঠছে। আগে যেসব দেশের কাছ থেকে আমরা জেট ফ্যুয়েল কিনতাম, তারা এখন আর বিক্রি করতে চাইছে না। ফলে উড়োজাহাজ সংস্থাগুলোকে দেশের আভ্যন্তরীণ মজুতের ওপর নির্ভর করতে হচ্ছে। কিন্তু এ মজুত বেশিদিন থাকবে না। যদি যুদ্ধ শিগগিরই না থামে এবং বিক্রেতা দেশগুলো থেকে আসা সরবরাহ স্বাভাবিক না হয়, তাহলে হয়তো অল্পদিনের মধ্যেই আভ্যন্তরীণ ও আন্তর্জাতিক দূরপাল্লার ফ্লাইট পরিষেবা আমরা বাতিল করতে বাধ্য হবো।’

-B